মনে করাই প্রসিদ্ধ শুদ্ধভক্তগণের অভিমত। শ্রীপাদ রঘুনাথ দাস গোস্বামীচরণ স্তবাবলী গ্রন্থে মনঃশিক্ষার ২য় শ্লোকে বলিয়াছেন—"গুরুবরং মুকুন্দপ্রেষ্ঠত্বে স্মর পরমজস্রং ননু মনঃ।" অর্থাৎ রে মন! শ্রীগুরুবরকে শ্রীমুকুন্দের প্রিয়তমরূপে নিরন্তর স্মরণ কর। শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় শ্রীগুর্ব্বষ্টকে ৭ম শ্লোকে বলিয়াছেন—"কিন্তু প্রভোর্যঃ প্রিয় এবেত্যাদি" এবং ৩য় শ্লোকে শ্রীগুরুর ভক্তভাব বিশেষ পরিস্ফুট করিয়াছেন। যথা—

"শ্রীবিগ্রহারাধননিত্যনানাশৃঙ্গারতন্মন্দিরমার্জ্জনাদৌ।
যুক্তস্য ভক্তাংশ্চ নিযুঞ্জতোঽপিবন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥"

শ্রীপাদ গোস্বামীচরণগণের এইসকল বাক্যানুসারে শ্রীগুরুর ভক্তভাবের স্পষ্ট প্রমাণ পাওয়া যাইতেছে। রাগানুগামার্গের প্রধান আদর্শ শ্রীপাদ রঘুনাথ দাস গোস্বামিচরণের শ্রীমুখকমল হইতে আদেশবাণীরূপে স্পষ্টাক্ষরে বিনিঃসৃত হইয়াছে যে—"গুরুবরং মুকুন্দপ্রেষ্ঠত্বে স্মর"! (শ্রীপাদ নরোত্তম ঠাকুর মহাশয় প্রার্থনাতে স্বকীয় শ্রীগুরুকে শ্রীশ্রীরাধাগোবিন্দের প্রেম-সেবাপরা শ্রীরূপমঞ্জরীর অনুগতা শ্রীমঞ্জুলালী মঞ্জরীরূপেই ভাবনা করিয়াছেন।) অতএব শ্রীপাদগোস্বামীচরণগণের অনুগত ভক্তগণের পক্ষে শ্রীগুরুকে শ্রীকৃষ্ণের প্রিয়ভক্তজ্ঞানে পূজা করাই অবশ্যকর্ত্তব্য। শ্রীগুরুকে শ্রীকৃষ্ণের প্রিয়ভক্তরূপে ভাবনা করাই যাঁহাদের (যে গোস্বামীপাদগণের স্পষ্ট অভিপ্রায়, তাঁহাদের মতে শ্রীগুরুপূজায়ও গুরুদেবের শ্রীচরণে তুলসী ও ভোগে অপ্রসাদী নৈবেদ্য অর্পণ করা কখনও সমীচীন হইতে পারে না। কারণ যাহাতে যাহার সন্তোষ, তাহাতেই তাহার পূজা। যিনি (শ্রীগুরুদেব) শ্রীকৃষ্ণের ভক্তশ্রেষ্ঠ হয়েন, তাঁহার চরণে শ্রীকৃষ্ণচরণ-প্রিয়া তুলসী অর্পণ করিতে গেলে তাহাতে তিনি সন্তুষ্ট হইবেন কি? আর যাহাতে শ্রীকৃষ্ণের অধরসুধার সংযোগ ঘটে নাই, এমন কোন ভোজ্যবস্তু তাঁহার রুচিকর হইতে পারে কি? শ্রীপাদ গোস্বামীচরণগণ প্রবর্ত্তিত রাগানুগামার্গানুবর্ত্তী শ্রীবৃন্দারণ্যবাসী প্রাচীন সিদ্ধ বৈষ্ণবগণের ভজনপদ্ধতিতেও জানা যায়—তাঁহারা শ্রীগুরুকে শ্রীনবদ্বীপলীলায় শ্রীমন্মহাপ্রভুর প্রিয় সেবক এবং শ্রীবৃন্দাবনীয়লীলায় শ্রীশ্রীরাধাগোবিন্দের সেবাপরা মঞ্জরীরূপেই ভাবনা করিতেন। শ্রীগুরুপূজাতে শ্রীগুরুর চরণে তুলসী ও ভোগে অপ্রসাদী নৈবেদ্য অর্পণ করা তাঁহাদের অভিপ্রায় নহে। বর্ত্তমান সময়ে প্রভুসন্তান-গণের মধ্যে যাঁহারা শ্রীপাদ গোস্বামীচরণগণ প্রবর্ত্তিত ভজনপথের আচার্য্য এবং শ্রীবৃন্দারণ্যনিবাসী যে সকল মহানুভব বৈষ্ণব রাগানুগামার্গের আদর্শ,